



শেখ হাসিনা মেডিকেল বিশ্ববিদ্যালয়, খুলনা

পরীক্ষা নিয়ন্ত্রকের দপ্তর

E-mail:shmu.khulna2021@gmail.com

Web:www.shmu.ac.bd

স্মারক নং- শেহামেবি/ প. নি. / নার্সিং ছাত্র রেজি. / ০৩/২০২৪ / ৪৪৭

তারিখ- ২১ শে ফাল্গুন, ১৪৩০ বঙ্গাব্দ
০৫ ই মার্চ, ২০২৪ খ্রিস্টাব্দ

২০২২-২৩ শিক্ষাবর্ষের বিএসসি ইন নার্সিং (বেসিক ও পোস্ট বেসিক) কোর্সে ভর্তিকৃত শিক্ষার্থীদের অনলাইন নিবন্ধন সংক্রান্ত বিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, শেখ হাসিনা মেডিকেল বিশ্ববিদ্যালয়, খুলনা-এর অধিভুক্ত সকল সরকারী ও বেসরকারী নার্সিং কলেজের ২০২২-২৩ শিক্ষাবর্ষে ভর্তিকৃত বিএসসি ইন নার্সিং (বেসিক ও পোস্ট বেসিক) কোর্সের শিক্ষার্থীদের অনলাইন নিবন্ধন কার্যক্রম আগামী ১১.০৩.২০২৪ ইং তারিখ হতে ১৯.০৩.২০২৪ ইং তারিখ পর্যন্ত চলবে। উল্লিখিত সময়ের মধ্যে নিবন্ধন প্রক্রিয়া সম্পন্ন করার জন্য শেখ হাসিনা মেডিকেল বিশ্ববিদ্যালয়, খুলনা-এর ওয়েবসাইট এর <https://shmu.breachsoft.com/registration/login> লিঙ্ক এ ঢুকে যথাযথ তথ্য প্রদান পূর্বক নিবন্ধনের জন্য নির্ধারিত ফি জনতা ব্যাংক লিমিটেড, নিরাল্লা শাখার হিসাব নং-০১০০২৩২০৭৮৭৬১ তে প্রদান করে শিক্ষার্থীর নিবন্ধন সম্পন্ন করতে হবে।

উল্লেখ্য যে, বেসরকারী প্রতিষ্ঠানসমূহকে তালিকার সাথে ২০২২-২৩ শিক্ষাবর্ষের আসন বরাদ্দ (বিশ্ববিদ্যালয় ও মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত) সংক্রান্ত পত্রের অনুলিপি জমা দিতে হবে।

রেজিস্ট্রেশন ফি: (প্রতি শিক্ষার্থীর জন্য প্রযোজ্য):

ফি'র বিবরণ	বিএসসি ইন নার্সিং (বেসিক) কোর্স		বিএসসি ইন নার্সিং (পোস্ট বেসিক) কোর্স	
	সরকারী	বেসরকারী	সরকারী	বেসরকারী
নিবন্ধন ফি	১০০০.০০ টাকা	১১০০.০০ টাকা	১০০০.০০ টাকা	১১০০.০০ টাকা
অন্যান্য	২০০.০০ টাকা	১২০০.০০ টাকা	২০০.০০ টাকা	১২০০.০০ টাকা
মোট	১২০০.০০ টাকা	২৩০০.০০ টাকা	১২০০.০০ টাকা	২৩০০.০০ টাকা
বিলম্ব ফি	৫০০.০০ টাকা			

ডোমেইন হোস্টিং ফি:

নিবন্ধন প্রক্রিয়া সম্পন্ন করণ এবং ডাটাবেজ সংরক্ষণের জন্য নির্ধারিত ডোমেইন হোস্টিং ফি (প্রত্যেক প্রতিষ্ঠানের প্রতি শিক্ষাবর্ষের প্রতি কোর্সের জন্য প্রযোজ্য) ৫০০০/- টাকা জনতা ব্যাংক লিমিটেড, নিরাল্লা শাখায়, শেখ হাসিনা মেডিকেল বিশ্ববিদ্যালয়, খুলনা-এর ডোমেইন হোস্টিং শিরোনামে হিসাব নং-০১০০২৩২০৭৮৭৬১ তে জমা দিয়ে জমাদানের রশিদ ফরওয়ার্ডিংসহ নিবন্ধন শাখায় জমা দিতে হবে। নির্ধারিত সময়ের মধ্যে নিবন্ধন প্রক্রিয়া সম্পন্ন করে নিবন্ধন কপি ০২ সেট, রজিন ছবিসহ স্টুডেন্টের তালিকা, ডাটা ফরমের সাথে এসএসসি ও এইচএসসির মার্কসীট এর সত্যায়িত কপিসহ যাবতীয় কাগজপত্র ২৪.০৩.২০২৪ ইং তারিখ এর মধ্যে সংশ্লিষ্ট দপ্তরে জমা দেয়ার জন্য অনুরোধ করা হলো।

উপাচার্য মহোদয়ের নির্দেশক্রমে

Nasir
ডা. নাছরিন আক্তার ০৫/০৩/২০২৪
উপ পরীক্ষা নিয়ন্ত্রক
শেখ হাসিনা মেডিকেল বিশ্ববিদ্যালয়
খুলনা
০১৯১১০৮৮৯৯৬

স্মারক নং- শেহামেবি/ প. নি. / নার্সিং ছাত্র রেজি. / ০৩/২০২৪ / ৪৪৭ (৩)

তারিখ- ২১ শে ফাল্গুন, ১৪৩০ বঙ্গাব্দ
০৫ ই মার্চ, ২০২৪ খ্রিস্টাব্দ

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো (ক্ষেত্রাত্মক ক্রমানুসারে নহে)-

- ১) কোষাধ্যক্ষ, শেখ হাসিনা মেডিকেল বিশ্ববিদ্যালয়, খুলনা
- ২) ডিন, নার্সিং অনুষদ, অত্র বিশ্ববিদ্যালয়
- ৩) পিএস টু ডিসি অত্র বিশ্ববিদ্যালয় (বিষয়টি ডিসি মহোদয়ের দৃষ্টিগোচর করার অনুরোধসহ)
- ৪) পিএ টু রেজিস্ট্রার, অত্র বিশ্ববিদ্যালয়
- ৫) অর্থ শাখা, অত্র বিশ্ববিদ্যালয়
- ৬) দপ্তর নথি, সংরক্ষণ নথি
- ৭) নোটিশ বোর্ড

Nasir
০৫/০৩/২০২৪
উপ পরীক্ষা নিয়ন্ত্রক
শেখ হাসিনা মেডিকেল বিশ্ববিদ্যালয়
খুলনা